

MESSAGE OF THE HON'BLE PRESIDENT

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

বাণী

২২ ফাল্গুন ১৪১৭
০৬ মার্চ ২০১১

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১০ম সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। সমাবর্তন উপলক্ষে আমি নবীন গ্রাজুয়েট এবং বিশ্ববিদ্যালয় পরিবারকে অভিনন্দন জানাই।

সমাবর্তন যে কোন বিশ্ববিদ্যালয়ের জন্য মাইলফলক। এ বর্ণাঢ্য অনুষ্ঠান একদিকে শিক্ষার্থীদের তাদের অর্জিত ডিগ্রীকে আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদান করে অন্যদিকে বিশ্ববিদ্যালয়কে যোগায় সামনে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের বিপুল দক্ষ মানব সম্পদের প্রয়োজন। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়সমূহের ভূমিকা অপরিসীম। আমি আশা করবো দেশের উচ্চশিক্ষার পীঠস্থান হিসেবে বিশ্ববিদ্যালয়গুলো তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবে।

মহান স্বাধীনতার মাসে অনুষ্ঠিত ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির এ সমাবর্তন নতুন প্রজন্মকে আমাদের গৌরবময় ইতিহাস, ঐতিহ্য জানার পাশাপাশি দেশপ্রেমে উদ্বুদ্ধ করবে বলে আমার বিশ্বাস। আমি নবীন গ্রাজুয়েটদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করি।

আমি ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১০ম সমাবর্তনের সার্বিক সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মুহিবুজ্জামান
মোঃ জিল্লুর রহমান

10th Convocation